আজকের কাগজ

৩৫

তারিখ ... 20 AUG ১৯৯৬
পৃষ্ঠা — 2 কলাম — ৩

এসএসসি পরীক্ষার্থিদের আবেদন

# ৭ দিনের মধ্যে মূল্যায়নকৃত উত্তরপত্রে প্রাপ্ত নম্বর দিন

কাগজ প্রতিবেদক ঃ এসএসসি পরীক্ষায় সেটকোডজনিত জটিলতায় ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা সাত দিনের মধ্যে মূল্যায়নকৃত উত্তরপত্রে প্রাপ্তনম্বর প্রদানের আবেদন জানিয়েছেন। গতকাল সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিত ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সম্মেলনে এই আবেদন জানানো হয়।

অভিভাবক সমন্বয় কমিটির আহবায়ক প্রকৌশলী মোঃ আমীর হোসেন তার লিখিত বক্তব্যে বলেন, সেটকোড পরীক্ষার অংশ নয়। এটি ছাত্র-ছাত্রিদের উত্তরপত্র মূল্যায়ন প্রক্রিয়ার একটি অংশ মাত্র। উত্তরপত্রে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি না লিখলে যেমন সাময়িকভাবে স্থগিত রাখা হয়। আর তাই সেটকোড না লিখলে ফলাফল স্থগিত রাখা যেতে পারে। তিনি বলেন, এর জন্যে দায়ী কক্ষ পরিদর্শক বা বোর্ড কর্তৃপক্ষই দায়ী। এই দায়ভার ছাত্র-ছাত্রিদের ওপর চাপিয়ে পাইকারিহারে শূন্য দেয়া অন্যায় এবং বেআইনি। তিনি এই সিদ্ধান্ত বাতিল করে সাতদিনের মধ্যে নম্বর প্রদানের জন্যে বোর্ড কর্তৃপক্ষ ও শিক্ষা মন্ত্রীর নিকট আবেদন জানান।